[বিধি ৫৬(ক) দ্রষ্টব্য]

**গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ**

**নিবন্ধন নং মূলঃ ১৩৩/কে, তাং-২৫/০৫/২০২১ খ্রি., সংশোধিতঃ ০০২/কে, তাং-১০/০১/২০২২ খ্রি.**

**১৯/১ রায়ের মহল, মধ্যপাড়া, বয়রা, দিঘলিয়া, খুলনা।**

পত্র নং - নির্বাচন/২৬/০১ তারিখঃ ১২/০৪/২০২৬ খ্রি.

এতদ্বারা গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, রেজিঃ নং মূলঃ ১৩৩/কে, তাং-২৫/০৫/২০২১ খ্রি. সংশোধিতঃ ০০২/কে, তাং-১০/০১/২০২২ খ্রি. ঠিকানা ১৯/১ রায়ের মহল, মধ্যপাড়া, বয়রা, দিঘলিয়া, খুলনা- এর সম্মানিত সকল সদস্যগণ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনা কমিটির ০৯/০৩/২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২১/০৫/২০২৬ খ্রি. তারিখে ০৬(ছয়) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে রোজ বৃহস্পতিবার, স্থানঃ ক্রেডিট ইউনিয়নের কার্যালয় ১৯/১ রায়ের মহল, মধ্যপাড়া, বয়রা, দিঘলিয়া, খুলনায় সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ০৬ জন সদস্যের মধ্যে- ০১ জন সভাপতি, ০১ জন সহ-সভাপতি, ০১ জন সম্পাদক, ০১ জন কোষাধ্যক্ষ, এবং ০২ জন সদস্য পদে সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

নির্বাচন কমিটির অদ্য ১২/০৪/২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬ উপলক্ষ্যে নিম্নরূপভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলোঃ-

## নির্বাচনী তফসিল-২০২৬

| ক্রঃ | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ণ পত্র বিতরণ | সমিতির অফিস কার্যালয় | ১৫/৪/২০২৬ খ্রি. ও ১৬/৪/২০২৬ খ্রি. | সকাল ১০টা হতে বিকাল ০৩টা পর্যন্ত। |
| ০২ | মনোনয়ণ পত্র জমাদানের তারিখ | ঐ | ২০/৪/২০২৬ খ্রি. | সকাল ১০টা হতে বিকাল ০৩টা পর্যন্ত |
| ০৩ | মনোনয়ণ পত্র বাছাই | ঐ | ২১/৪/২০২৬ খ্রি. | বিকাল ০৪ টা হতে |
| ০৪ | বৈধ মনোনয়ন পত্র ও বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ঐ | ২১/৪/২০২৬ খ্রি. | বাছাই শেষে |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্তি কিংবা বাছাইতে বাদ পড়া কোন প্রার্থীর মনোনয়ন পত্র বিষয়ে আপীল আবেদন দাখিল (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯ বিধি মতে) | জেলা সমবায় কর্মকর্তা ০৩ পিসি রায় রোড, খুলনা মহোদয়ের কার্যালয়ে | ২২/৪/২০২৬ খ্রি. ও ২৩/৪/২০২৬ খ্রি. (দুই কর্মদিবস) | অফিস চলাকালীন সময়ে |
| ০৬ | আপীল আবেদনের উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯(২) বিধি মতে) | ঐ | ২৬/০৪/২০২৬ খ্রি. ২৭/০৪/২০২৬ খ্রি.ও ২৮/০৪/২০২৬ খ্রি. (তিন কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে |
| ০৭ | বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ৩০/৪/২০২৬ খ্রি. | সকাল ১১টা |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | সমিতির অফিস কার্যালয় | ০৩/৫/২০২৬ খ্রি. | সকাল ১১টা হতে দুপুর ০২ টা পর্যন্ত |
| ০৯ | প্রতীক বরাদ্দ | সমিতির অফিস কার্যালয় | ০৪/৫/২০২৬ খ্রি. | সকাল ১১টা হতে দুপুর ০১ টা পর্যন্ত |
| ১০ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির অফিস কার্যালয় | ০৪/৫/২০২৬ খ্রি. | বিকাল ০৩ টা |
| ১১ | ভোট গ্রহণ | সমিতির অফিস কার্যালয় | ২১/৫/২০২৬ খ্রি. | সকাল ১০.০০ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত |
| ১২ | ভোট গণণা ও নির্বাচনী ফলাফল ঘোষণা | ঐ | ২১/৫/২০২৬ খ্রি. | ভোট গণণা শেষে |

বিভিন্ন পদের জন্য নির্বাচনী কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ ঃ-

ক) সভাপতি পদে ঃ= চেয়ার, ছাতা, আম, ও প্রজাপতি

খ) সহ-সভাপতি পদে ঃ= বই, কলস, গোলাপ ফুল ও ফুটবল।

গ) সম্পাদক পদে ঃ= মাছ, আনারস, মই ও বটগাছ,

ঘ) কোষাধ্যক্ষ পদে ঃ= বাই-সাইকেল, মোরগ, টেলিভিশন ও হরিণ

ঙ) সদস্য পদে ঃ= টেবিল, মটরসাইকেল, মোমবাতি, তালাচাবি, দেয়াল ঘড়ি, ও উড়োজাহাজ।

CS CamScanner

## (০২) নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয় ঃ

০১. নির্বাচন সমবায় সমিতি আইন/০১(সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/০৪(সংশোধন ২০২০) এবং সংশ্লিষ্ট সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক পরিচালিত হবে এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯(১) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করার যোগ্য সদস্যরা মনোনয়ন পত্র সংগ্রহ করতে হবে।

০২. ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে-০১ জন সভাপতি, ০১ জন সহ-সভাপতি, ০১ জন সম্পাদক, ০১ জন কোষাধ্যক্ষ, ও ০২ জন সদস্য সহ মোট ০৬(ছয়) টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

০৩. সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে আগ্রহী প্রার্থী অফেরৎযোগ্য জামানত হিসাবে সভাপতি পদে ৫০০/- টাকা, সহ-সভাপতি পদে ৫০০/- টাকা, সম্পাদক পদে ৫০০/-টাকা, কোষাধ্যক্ষ পদে ৫০০/-টাকা ও সদস্য পদে ৫০০/-টাকা জমা দিয়ে রশিদ গ্রহন করতে হবে এবং মনোনয়নপত্র দাখিলের সময় রশিদের মূল কপি সংযুক্ত করতে হবে।

০৪. মনোনয়নপত্রের সাথে প্রার্থীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সমিতির ব্যবস্থপনা কমিটির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় কর্মকর্তা, দিঘলিয়া অথবা জেলা সমবায় কর্মকর্তা, খুলনা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং বয়স প্রমানের জন্য মনোনয়ন পত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৫. নির্বাচন কমিটি কর্তৃক মনোনয়ন ফরম যথাযত ভাবে পুরণ করতঃ সমিতির ব্যবস্থপনা কমিটির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় কর্মকর্তা, দিঘলিয়া অথবা জেলা সমবায় কর্মকর্তা, খুলনা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৬. মনোনয়ন পত্র সভ্য রেজিষ্টার অনুযায়ী যথাযথভাবে পুরণ করতে হবে। কোন অবস্থাতেই অস্পষ্ট, ঘষামাজা, ফ্লুইড ব্যবহার কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৮/১ বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল বলিয়া গন্য হবে।

০৭. নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন/০১ এর ১৯ ধারা এবং সমবায় সমিতি আইন (সংশোধিত)২০০২ এর ১৮(৮) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৪ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

০৮. মনোনয়নপত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

০৯. একাধিক প্রার্থী একই প্রতীক দাবির ক্ষেত্রে লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে এবং প্রয়োজনে নির্বচন কমিটি অতিরিক্ত প্রতিকবরাদ্দ করতে পারবেন।

১০. চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবে না।

১১. কোন প্রার্থী একাধিক পদে প্রতিদন্ধীতা বা মনোনয়ন পত্র দাখিল করতে পারবে না। এক্ষেত্রে প্রার্থীর সকল মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

১২.ব্যালট পেপারে প্রার্থীগণের নামের অদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১৩. সদস্য ব্যতিত কেহ নির্বাচনী এজেন্ট হতে পারবে না।

১৪. কোন ব্যক্তি ভুয়া ভোটার হিসাবে প্রমানিত হলে তার বিরুদ্ধে তাৎক্ষনিক ভাবে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

১৫. সমিতিতে নিয়োজিত কোন কর্মচারী নির্বাচনে প্রতিদন্ধীতা করতে পারবে না।

১৬. নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৭. নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারও কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। যোগাযোগঃ মোবাইল ঃ ০১৭৭৪-৩১৫৫৩৩

| | | |
|---|---|---|
| 12/04/2026 | ১২/৪/২৬ | ১২/৪/২৬ |
| (মোঃ মামুনুর রহমান মিয়া) | (এম রকিব হাসান) | (খন্দকার জহিরুল ইসলাম) |
| জেলা ব্যবস্থাপক, কাল্ব, খুলনা ও সাতক্ষীরা | সহকারী প্রশিক্ষক, জেলা সমবায় কার্যালয়, খুলনা | উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা |
| ও সদস্য | ও সদস্য | ও সভাপতি |
| নির্বাচন কমিটি/২০২৬ | নির্বাচন কমিটি/২০২৬ | নির্বাচন কমিটি/২০২৬ |
| গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ |

পত্র নং - নির্বাচন/২৬/০১(৭)

তারিখঃ ১২/০৪/২০২৬ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১.জনাব............................................................ সদস্য, নির্বাচন কমিটি, গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ,

২. ব্যবস্থপনা কমিটির সভাপতি, গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ১৯/১ রায়ের মহল, মধ্যপাড়া, বারাকপুর, দিঘলিয়া, খুলনা। তাকে সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলকে অত্র নির্বাচনী তফশীল অতীব জরুরী ভিত্তিতে জারি করা সহ নোটিশ বোর্ডে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৩. উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা।

৪.জেলা সমবায় অফিসার, খুলনা।

৫.নোটিশ বোর্ড।

১২/৪/২৬

সভাপতি

নির্বাচন কমিটি/২০২৬

গোধুলী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

CS CamScanner